সংবাদ

তারিখ ... 25 FEB 2003

সংসদে ড. খন্দকার মোশারফ হোসেন

# '৯৬ সাল থেকে এ পর্যন্ত ৮৫টি প্রাথমিক স্কুল বন্ধ করে দেয়া হয়েছে

সংসদ বার্তা পরিবেশক ঃ প্রাথমিক ও ণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. ন্দকার মোশারফ হোসেন গতকাল সংসদে লেছেন, ছাত্রছাত্রীর অভাব দেখা দেয়ায়

বন্ধ ঃ পৃঃ ১১ কঃ ৬

## বন্ধ ঃ প্রাথমিক স্কুল

(১২ পৃষ্ঠার পর)

সারাদেশে '৯৬ সাল থেকে এ পর্যন্ত ৮৫টি প্রাথমিক বিদ্যালয় বন্ধ করে দেয়া হয়েছে। এর মধ্যে ৩৯টি সরকারি এবং ৪৬টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। যেসব জেলায় স্কুল বন্ধ করে দেয়া হয়েছে সেসব জেলা হলো- ফরিদপুরে ২টি, হবিগঞ্জে ২টি, মুন্সিগঞ্জে ২টি, ঢাকায় ২৮টি, সুনামগঞ্জে ২টি, লক্ষ্মীপুরে ১টি, শরীয়তপুরে ২টি, বগুড়ায় ১টি, বরিশালে ১টি, জামালপুরে ১টি, নেত্রকোনায় ৬টি, কিশোরগঞ্জে ১০টি, শেরপুরে ১টি, নরসিংদীতে ১টি, পটুয়াখালীতে ১টি, পিরোজপুরে ৪টি, ঝালকাঠিতে ২টি, খুলনায় ১টি, যশোরে ২টি, রাজশাহীতে ১টি, সিরাজগঞ্জে ৩টি, জয়পুরহাটে ১টি, গাইবান্ধায় ৩টি, দিনাজপুরে ৫টি, পাবনায় ১টি এবং কুমিল্লায় ১টি। জিএম কাদেরের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব তথ্য জানান।

অধ্যাপক শহিদুল ইসলামের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক সংসদে বলেন, ১৯৭২ সাল থেকে এ পর্যন্ত মোট ১৭৮টি স্কুল এবং ২০৯টি কলেজ সরকারিকরণ করা হয়েছে।

অ্যাডভোকেট আবুল কালামের এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী সংসদে জানান, '৯৬ সালের ১লা জুলাই থেকে এ পর্যন্ত ২ হাজার ৮শ' ৯টি নিম্নমাধ্যমিক, ২ হাজার ৬শ' ৭৮টি মাধ্যমিক বিদ্যালয়, ১ হাজার ১শ' ৫৫টি কলেজ এবং ১ হাজার ৫শ' ৬৮টি মাদ্রাসা এমপিওভুক্ত করা হয়েছে।

অ্যাডভোকেট প্রমোদ মানকিনের এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী সংসদকে জানান, বর্তমানে দেশে রেজিস্ট্রার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৯ হাজার ৪শ' ২৮টি।